# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২০২. চারটি বিষয় হতে দূরে থাকুন

নিম্নোক্ত চারটি বিষয় মনে দুঃখ-কষ্ট আনে; সুতরাং সেগুলিকে পরিহার করুন বা এড়িয়ে চলুন-

১. আল্লাহ যা বিধান দিয়েছেন তার বিরুদ্ধে অভিযোগ করবেন না এবং তাতে রাগ করবেন না।

২. তওবাহীন পাপ (যে পাপ করে পরে তওবা করা হয় না)।

“আপনি (তাদেরকে) বলে দিন। এ মুসিবত (তোমাদের পাপের কারণে) তোমাদের নিজেদের নিকট থেকেই এসেছে।” (৩-সূরা ইমরানঃ আয়াত-১৬৫)

“এটা তোমাদের নিজ হাতে কৃত পাপের কারণেই।” (৪২-সূরা আশ শূরাঃ আয়াত-৩০)

৩. আল্লাহ মানুষকে অনুগ্রহ দান করার কারণে তাদেরকে ঘৃণা করা।

“আল্লাহ নিজ জুনগ্রহ থেকে তাদেরকে যা দান করেছেন তা নিয়ে কি তারা মানুষদেরকে হিংসা করে?” (৪-সূরা আন নিসাঃ আয়াত- ৫৪)

৪. আল্লাহর জিকির থেকে মুখ ফিরিয়ে নেয়া।

فَإِنَّ لَهُ مَعِيشَةً ضَنكًا

“নিশ্চয় তার জন্য রয়েছে এক সংকটময় জীবন।” (২০-সূরা ত্বাহাঃ আয়াত-১২৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7710

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন